নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি
রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা
মোবাঃ ০১৭৬৯-৪০০০৬০
ই-মেইল: netrokonapbs@gmail.com

নম্বর: ২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২২.৬১৩৮

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে মহিলাদের জন্য সংরক্ষিত বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) পদে " নিয়োগ বিজ্ঞপ্তি "

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে " **কাজ নাই মজুরী নাই**" এ শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত **বিলিং সহকারী** পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী (নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা) মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে । পদের নামে পাশে শূন্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলো।

পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) শুধুমাত্র মহিলাদের জন্য সংরক্ষিত	০৮ (আট) টি (নিয়োগকালীন এ সংখ্যা কম/বেশী হতে পারে)	১০/১০/২০২২খ্রিঃ তারিখে অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	(ক) এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৫.০০ এর মধ্যে ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা	নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা (নেত্রকোণা জেলার নেত্রকোণা সদর, পূর্বধলা,দূর্গাপুর, কলমাকান্দা, বারহাট্টা, মোহনগঞ্জ, আটপাড়া,মদন, খালিয়াজুরী, কেন্দুয়া ও সুনামগঞ্জ জেলার মধ্যনগর ও ধর্মপাশা উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী) শুধুমাত্র যোগ্যতাসম্পন্ন মহিলা নাগরিকগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

১। নির্ধারিত আবেদন ফরম (ফরম নং পমাপস ১১০-০০২, ভার্সন-০১) নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (pbs.netrokona.gov.bd) এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট (www.reb.gov.bd)

হতে ডাউন লোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ) আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে।

২। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন আবেদন ফরমে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফরমটি আবেদকারীকে স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে 'নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি' এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

৪। আবেদন পত্রের সাথে ' প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র (NID) /জন্ম নিবন্ধন সনদ, সদস্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) দাখিল করতে হবে।

৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসংগতি প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

৬। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ কোন ক্রমেই স্থায়ী করা হবে না। যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

৭। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। আবেদনপত্র আগামী ১০/১০/২০২২খ্রিঃ তারিখে অফিস সময়ের মধ্যে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণায় ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে।। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।

১০। নিয়োগ পরীক্ষায় যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীগণকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১২। নির্বাচিত প্রার্থীকে নেত্রকোণা পবিস এর যে কোন জোনাল/সাব জোনাল অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৩। আবেদনকারীগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদিসহ প্রেরণ করবেন।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯-৯-২০২২
বিপ্লব কুমার সরকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ফোন: ০৯৫১৬১৩৫৩
ইমেইল:

netrokonapbs@gmail.com

নম্বর: ২৭.১২.৭২০০.৫৪৫.০২.০০৮.২২.৬১৩৮/১(৯১)

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯
১৯ সেপ্টেম্বর ২০২২

জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্তে আপনার ওয়েব সাইট ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) জেলা প্রশাসক, নেত্রকোণা/সুনামগঞ্জ, ।
৩) পুলিশ সুপার, নেত্রকোণা/সুনামগঞ্জ , ।
৪) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৫) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ময়মনসিংহ জোন
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
৮) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... ১/২/৩/৪ পবিস
৯) একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
১০) সকল ডিজিএম, নেত্রকোণা পবিস ।
১১) সকল এজিএম, নেত্রকোণা পবিস।
১২) এজিএম (আইটি), নেত্রকোণা পবিস (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
১৩) নোটিশ বোর্ড, নেত্রকোণা পবিস।
১৪) অফিস/মাস্টার কপি।

১৯-৯-২০২২
বিপ্লব কুমার সরকার
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)